তারিখ 08 MAY 1987
পৃষ্ঠা 6 কলাম 5
২৪ শে বৈশাখ ১৩৯৪ বঙ্গাব্দ

The Bangladesh Times

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

075

বাংলা একাডেমী

ঢাকা।

# গবেষণা বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান

মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা হারে ২টি (১টি বাংলা ভাষা, সাহিত্য, সংস্কৃতি ও সমাজ বিজ্ঞান বিষয়ক এবং ১টি ফোকলোর বিষয়ক) গবেষণা বৃত্তির জন্য প্রথম বা দ্বিতীয় শ্রেণীর স্নাতক (সম্মানসহ) ডিগ্রীসহ প্রথম বা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। প্রকাশনা থাকলে প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। গবেষক অধ্যাপকের তত্ত্বাবধানে কাজ করতে আগ্রহী, তাঁকে আবেদনপত্রের সঙ্গে সেই তত্ত্বাবধায়কের সম্মতিপত্র সংশ্লিষ্ট করে দিতে হবে। প্রাথমিক পর্যায়ে এই বৃত্তি এক বছরের জন্য দেয়া হবে। গবেষণার কাজ সন্তোষজনক হলে একই হারে বৃত্তি দ্বিতীয় ও তৃতীয় বৎসরের জন্য বাড়ানো হবে।

দরখাস্তের সঙ্গে প্রার্থীকে তাঁর গবেষণার বিষয় সম্পর্কে একটি সুনির্দিষ্ট পরিকল্পনা পেশ করতে হবে। প্রস্তাবিত গবেষণা শেষ না হওয়া পর্যন্ত গবেষক তাঁর গবেষণার কাজ ছাড়তে পারবেন না।

নাম, পূর্ণ ঠিকানা, বয়স, জাতীয়তা, ম্যাট্রিক/এসএসসি থেকে স্নাতকোত্তর পর্যন্ত পরীক্ষার ফলাফল, গবেষণার অভিজ্ঞতা, প্রকাশনা ইত্যাদির পূর্ণ বিবরণ, প্রার্থীর সাম্প্রতিককালের পাসপোর্ট সাইজের দুই কপি ছবিসহ দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর নিকট হইতে ২৫শে মে, ১৯৮৭ অথবা তার পূর্বে পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথোপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(শামসুজ্জামান খান)
পরিচালক,
গবেষণা সংকলন ও ফোকলোর বিভাগ,
বাংলা একাডেমী, ঢাকা।

ডিএফপি(স)—১২২৩৫(৪)৬-৫

জিসি—১৪৪২